

পত্র নং	৩০২১
গ্রন্থ সংখ্যা	২৮১০।১৬
তারিখ	

## ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব

ইউনিয়ন:

উপজেলা:

জেলা:

## গঠনতত্ত্ব

সরকারী পরিচালিত কার্যালয়	
ভৌগোগ্র বিজ্ঞান ও প্রযুক্তি আবৃত্তি	
ক্ষেত্র পরিচয়	
নথি সংশোধন	<input checked="" type="checkbox"/> নথি সংশোধন/একাডেমিক
কার্যক্রম	<input checked="" type="checkbox"/> কার্যক্রম প্রস্তুতি
অন্যান্য	<input checked="" type="checkbox"/> অন্যান্য কার্যক্রম
নথি সংগ্ৰহ	<input checked="" type="checkbox"/> নথি সংগ্ৰহ একাডেমিক
নথি প্রক্রিয়া	<input checked="" type="checkbox"/> নথি প্রক্রিয়া একাডেমিক

ক্লাব অফিসের ঠিকানা

মোঃ আও ফুদুস দেওয়াল

চট্টগ্রাম

১৪/১০/২০১৬

# গঠনতন্ত্র

ধারা নং-০১: ক্লাবের নাম

ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব, .....।

ধারা নং-০২: ক্লাবের ঠিকানা

প্রাথমিকভাবে ইউনিয়ন পরিষদের কোন কক্ষে বা ইউনিয়ন সদরের যে কোন সরকারি/বেসরকারি মহাবিদ্যালয় বা বিদ্যালয়ে এ ক্লাবের কার্যালয় থাকবে। পরবর্তীতে ক্লাবের সংগতি অনুযায়ী নিজস্ব জমিতে/ভবনে ক্লাবের কার্যালয় স্থাপন করা হবে

ধারা নং-০৩: ক্লাবের কর্ম এলাকা

..... ইউনিয়নের সম্পূর্ণ এলাকাই এ ক্লাবের কার্য এলাকা হিসেবে বিবেচিত হবে। তবে ক্লাব ইউনিয়নের যে কোন স্থানে উহার শাখা স্থাপন করতে পারবে। সে ক্ষেত্রে ইউনিয়ন ক্লাবটি ‘খ’ শ্রেণির ক্লাব হিসেবে এবং শাখা ক্লাব ‘গ’ শ্রেণির ক্লাব হিসেবে বিবেচিত হবে। ইউনিয়ন ক্লাব উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের নিকট থেকে প্রয়োজনে প্রামাণ্য গ্রহণ করবে এবং উক্ত ক্লাবের ‘শাখা ক্লাব’ হিসেবে পরিগণিত হবে।

ধারা নং-০৪: ক্লাবের উদ্দেশ্য

- (১) ইউনিয়নের জনসাধারণকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে সচেতন করে গড়ে তোলা;
- (২) ইউনিয়নের সকল পর্যায়ের নাগরিকগণকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বাস্তব ধারণা প্রদান এবং সর্বস্তরে বিজ্ঞান ও প্রযুক্তিকে জনপ্রিয় করে তোলা;
- (৩) জনসাধারণকে কৃষি, স্বাস্থ্যসহ দৈনন্দিন জীবনে বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহারে উৎসাহ প্রদান এবং এতদসংক্রান্ত বিষয়ে স্থানীয় সমস্যা চিহ্নিত করে ক্লাবের মাধ্যমে সমাধানে বাস্তবমূলী পদক্ষেপ গ্রহণ করা;
- (৪) শিশু কিশোর ও তরুণদের বিজ্ঞান ও প্রযুক্তিধর্মী উচ্চাবনীমূলক কাজে সার্বিক সহযোগিতা ও উৎসাহ প্রদান করা;
- (৫) বিজ্ঞান মেলা, বিজ্ঞান প্রদর্শনী, বিজ্ঞান বিষয়ক চলচিত্র প্রদর্শনী এবং বিজ্ঞান বিষয়ক বিতর্ক প্রতিযোগিতাসহ নানাবিধ প্রতিযোগিতার আয়োজন করা;
- (৬) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে কৃতি ব্যক্তিদের উৎসাহ ও পুরস্কৃত করা;
- (৭) বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক বিভিন্ন আলোচনা সভার আয়োজন করা ও বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রকাশনার ব্যবস্থা করা;
- (৮) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে শিশু-কিশোরদের মেধা বিকাশে সহায়তার জন্য স্থানীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান গবেষণাগার এবং লাইব্রেরী প্রতিষ্ঠা করা;
- (৯) সৌরজগত তথা মহাকাশ বিষয়ে জনসাধারণের মধ্যে আগ্রহ ও উদ্দীপনা সৃষ্টি করা;
- (১০) বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক উন্নয়নের জন্য বিভিন্ন প্রকার সেবামূলক প্রকল্প গড়ে তোলা;
- (১১) ইউনিয়নের অন্তর্গত বিভিন্ন বিজ্ঞান ক্লাবকে শাখা ক্লাব হিসেবে তালিকাভূক্তকরণ কিংবা শাখা ক্লাব স্থাপন এবং শাখা ক্লাবসমূহকে বিভিন্ন সহযোগিতা ও উৎসাহ প্রদান এবং সকল ক্লাবের মধ্যে পারস্পরিক সমন্বয় সাধনের মাধ্যমে ইউনিয়নে বিজ্ঞান আন্দোলনকে জোরাদার করা;
- (১২) ইউনিয়নে বিজ্ঞান বিষয়ক সরকারি নীতিগ্রামার সুষ্ঠু বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করা;
- (১৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সহযোগিতায় ভাষ্যমান প্রদর্শনীর আয়োজন করা; এবং
- (১৪) উপজেলা ও জেলা পর্যায়ে আয়োজিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সম্মানের কার্যক্রমে অংশগ্রহণ করা।

১৮/১১/২০১১

মাঝ আং কুম্ভুস দেওকান  
উপসচিব  
বঙ্গে... ও প্রযুক্তি মন্ত্রণালয়  
প্রকাশক বাহ্যিক সরকার

## ধারা নং-০৫: সদস্য পদ

### ক) যোগ্যতা

ইউনিয়নে কর্মরত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারী, ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিষয়সমূহের শিক্ষক এবং নবম থেকে স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত ছাত্র-ছাত্রী এবং ইউনিয়নে অবস্থানরত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ বা উৎসাহী অপেশাদার উত্তোলক ও প্রযুক্তিবিদগণ ক্লাবের সদস্য হওয়ার যোগ্য হবেন।

### খ) এই প্রতিষ্ঠানের ৩(তিনি) ধরনের সদস্য থাকবে-

- (১) পদাধিকার বলে সদস্য (২) সাধারণ সদস্য (৩) আজীবন সদস্য (৪) তালিকাভুক্ত শাখা বিজ্ঞান ক্লাবের সদস্য।

### (১) পদাধিকারবলে সদস্য

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়নের আওতাধীন মহাবিদ্যালয় ও বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণ।

### (২) সাধারণ সদস্য

সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আঘাতী কর্মকর্তা/কর্মচারী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিষয়সমূহের শিক্ষকগণ, ইউনিয়নে বসবাসরত নবম থেকে স্নাতকোত্তর পর্যন্ত অধ্যয়নরত বিজ্ঞান বিষয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ, ইউনিয়নে বসবাসরত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ ও উৎসাহী অপেশাদার উত্তোলক ও প্রযুক্তিবিদগণ।

### (৩) তালিকাভুক্ত শাখা বিজ্ঞান ক্লাবের প্রতিনিধি সদস্য

ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব ইউনিয়নের অন্য কোন স্থানে প্রতিষ্ঠিত কোন বিজ্ঞান ক্লাবকে তালিকাভুক্ত করে থাকলে উক্ত তালিকাভুক্ত ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক বা উক্ত ক্লাবের কার্যনির্বাহী পরিষদের ২ জন মনোনীত সদস্য।

### (৪) আজীবন সদস্য

কোন সাধারণ সদস্য আজীবন সদস্য চাঁদা প্রদান করে আজীবন সদস্যপদ গ্রহণ করলে উক্ত ব্যক্তি আজীবন সদস্য হিসেবে বিবেচিত হবেন।

## ধারা নং-০৬: সদস্যপদ লাভের পদ্ধতি

### ক) সাধারণ সদস্য

সংস্থার সদস্যপদ লাভের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে সভাপতি বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদনপত্রটি কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হলে/হবার পর তিনি সংস্থার নির্ধারিত ভর্তি কি প্রদান করে সদস্যপদ লাভ করতে পারবেন।

### খ) আজীবন সদস্য

কোন ব্যক্তি আজীবন সদস্য হবার জন্য সভাপতি বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। দাখিলকৃত আবেদনপত্র কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হলে আবেদনকারী কার্যনির্বাহী পরিষদ কর্তৃক ধার্যকৃত চাঁদা এককালীন জমা প্রদান করে আজীবন সদস্যপদ লাভ করতে পারবেন। এছাড়া ক্লাব প্রতিষ্ঠান বা ক্লাবের কার্যক্রমে বিশেষ অবদান রাখার জন্য কার্যনির্বাহী কমিটি বিশেষ কোন ব্যক্তিকে আজীবন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন।


## ধারা নং-০৭: সদস্যপদ স্থগিত ও বাতিল

নিয়ন্ত্রিত কারণে কোন সদস্যের সদস্যের সদস্যপদ কার্যনির্বাহী পরিষদ কর্তৃক স্থগিত/বাতিল করা যেতে পারে-

- ক) গঠনতত্ত্ব ও সংস্থার স্বার্থ পরিপন্থী কোন কাজ করলে;
- খ) বাংসরিক চাঁদা এক বৎসরের বেশি বকেয়া থাকলে;
- গ) পূর্বানুমতি ছাড়া পর পর ৩(তিনি) টি সভায় অনুপস্থিত থাকলে;
- ঘ) বেচায় পদত্যাগ করলে;
- ঙ) ঘষ্টিক্ষ বিকৃতি ঘটলে বা মৃত্যুবরণ করলে এবং
- চ) কোন উপযুক্ত ফৌজদারী আদালত কর্তৃক বিচারের মাধ্যমে কারাদণ্ডিত হলে।

## ধারা নং-০৮: সদস্যপদ বাতিলের পদ্ধতি

কোন সদস্যের বিরলক্ষে ৭নং ধারায় বর্ণিত যে কোন বিষয়ে লিখিত অভিযোগ উঠাপিত হলে কার্যনির্বাহী পরিষদের সভায় উপস্থিত সদস্যদের ২/৩ অংশের সিকান্দ মোতাবেক সদস্যপদ স্থগিত বা বাতিল হবে। তবে শর্ত থাকে যে, সদস্যপদ স্থগিতের পূর্বে বিষয়টির সঠিকভা নির্ধারণ করতে হবে এবং তাকে আত্মপক্ষ সমর্পনের সুযোগ দিতে হবে।

  
১৮/১০/১০/১০

### ধারা নং-০৯: সদস্যপদ পুনর্বহাল

সদস্যপদ পুনর্বহালের জন্য বাতিলকৃত সদস্য লিখিতভাবে সভাপতির নিকট আবেদন জানাবেন। কার্যনির্বাহী পরিষদের ২/৩ অংশের সিদ্ধান্তে সদস্যপদ পুনর্বহাল করা যাবে। সদস্যপদ পুনর্বহাল হলে পুনরায় সদস্য ভর্তি ফি ও বকেয়া বাংসরিক চাঁদা প্রদান করতে হবে।

### ধারা নং-১০: উপদেষ্টা পরিষদ

নিম্নোক্ত ব্যক্তিদের সমন্বয়ে ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের একটি উপদেষ্টা পরিষদ থাকবে।

প্রধান উপদেষ্টা: স্থানীয় মাননীয় সংসদ সদস্য।

#### উপদেষ্টা

- ০১। উপজেলা চেয়ারম্যান
- ০২। উপজেলা নির্বাহী অফিসার
- ০৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
- ০৪। উপজেলা কৃষি কর্মকর্তা
- ০৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
- ০৬। উপজেলা মৎস্য কর্মকর্তা
- ০৭। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার অধিদপ্তর
- ০৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা
- ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
- ১০। উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর
- ১১। অধ্যাক্ষ, স্থানীয় মহাবিদ্যালয়
- ১২। ইউনিয়নের প্রথিতযশা বিজ্ঞানী/প্রযুক্তিবিদ
- ১৩। অবসরপ্রাপ্ত অধ্যাপক বা বিজ্ঞান শিক্ষক-

মাননীয় সংসদ সদস্যের সাথে পরামর্শ করে ইউনিয়নের প্রথিতযশা বিজ্ঞানী/প্রযুক্তিবিদ/অবসরপ্রাপ্ত বিজ্ঞানের ১ জন অধ্যাপক/শিক্ষকের নাম এবং উপজেলা চেয়ারম্যানের সাথে পরামর্শ ক্রমে ১ জনের নাম অন্তর্ভুক্ত করে উপজেলা নির্বাহী অফিসার উপদেষ্টা পরিষদ গঠনের বিজ্ঞপ্তি জারী করবেন।

### ধারা নং-১১: সাংগঠনিক কাঠামো

এ প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ২(দুই)টি পরিষদ থাকবে: (ক) সাধারণ পরিষদ (খ) কার্যনির্বাহী পরিষদ।

(ক) সাধারণ পরিষদ: গঠন, দায়িত্ব ও ক্ষমতা

প্রতিষ্ঠানের সকল প্রকার সদস্য সমন্বয়ে এই পরিষদ গঠিত হবে। বৎসরে কমপক্ষে ১(এক) বার এ পরিষদের সভা অনুষ্ঠিত হবে। সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনক্রমে সিদ্ধান্ত অনুমোদিত হবে। কার্যনির্বাহী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক এ পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক হবেন।

#### দায়িত্ব ও ক্ষমতা: এ পরিষদ-

- ১। প্রতিষ্ঠানের সর্বময় ক্ষমতার অধিকারী হবে;
- ২। ক্লাবের গঠনতন্ত্র অনুমোদন, ধারা-উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও সংশোধন করবে;
- ৩। কার্যনির্বাহী পরিষদ গঠন করবে;
- ৪। বার্ষিক বাজেট, বার্ষিক কার্যবিবরণী এবং আয়-ব্যয়ের হিসাব অনুমোদন করবে; এবং
- ৫। কার্যনির্বাহী পরিষদ কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে অসমর্থ হলে সাধারণ পরিষদ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

### ধারা নং-১২: ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের জন্য নিম্নরূপ একটি কার্যনির্বাহী কমিটি থাকবে।

- |  |                            |
|--|----------------------------|
| (১) সভাপতি- ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (পদাধিকার বলে)   | - ১টি পদ (নির্ধারিত ১ জন)  |
| (২) সহ-সভাপতি (ইউনিয়নে কর্মরত বিজ্ঞান বিষয়ক দণ্ডরসমূহের প্রধানদের মধ্যে<br>উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ১ জন মনোনীত এবং ১ জন নির্বাচিত) | - ২টি পদ(মনোনীত+নির্বাচিত) |
| (২) সাধারণ সম্পাদক   | - ১টি পদ (নির্বাচিত)       |
| (৩) যুগ্ম সম্পাদক  | - ১টি পদ (নির্বাচিত)       |
| (৪) কোষাধ্যক্ষ   | - ১টি পদ (নির্বাচিত)       |
| (৫) দণ্ডর সম্পাদক  | - ১টি পদ (নির্বাচিত)       |
| (৬) প্রচার ও প্রকাশনা সম্পাদক  | - ১টি পদ (নির্বাচিত)       |
| (৭) সম্পাদক (পদার্থ বিজ্ঞান)   | - ১টি পদ (নির্বাচিত)       |
| (৮) সম্পাদক (গণিত)   | - ১টি পদ (নির্বাচিত)       |

- (১০) সম্পাদক (রসায়ন)
- (১১) সম্পাদক (জীব বিজ্ঞান)
- (১২) সম্পাদক (কৃষি বিজ্ঞান)
- (১৩) সম্পাদক (ভূগোল)
- (১৪) সম্পাদক (বাস্ত্য সেবা)
- (১৫) সম্পাদক (কৌড়া, সাংস্কৃতিক ও কল্যাণ)
- (১৬) কার্যনির্বাহী সদস্য ও জন

- ১টি পদ (নির্বাচিত)
- ৩টি পদ (নির্বাচিত)

মোট : ১৯ টি পদ

যেয়াদ ও দায়িত্ব: কার্যনির্বাহী পরিষদের যেয়াদ হবে দায়িত্ব গ্রহণের পর থেকে ৩ বছর।

এ পরিষদের দায়িত্ব নিয়ন্ত্রণ-

- ১। ক্লাবের নীতি নির্ধারণী দায়িত্ব পালন করা;
- ২। বাস্ত্রিক বাজেট, বার্ষিক কার্যবিবরণী তৈরি করা এবং অনুমোদনের জন্য সাধারণ পরিষদে উপস্থাপন করা;
- ৩। ঘোষিত বাজেটের অর্থ সংগ্রহে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা, সদস্য ভর্তি ফী, মাসিক টাঁদা ও অন্যান্য ফী নির্ধারণ করা;
- ৪। প্রতিষ্ঠানের উদ্দেশ্য ও লক্ষ্যকে বাস্তব রূপদানের জন্য বিভিন্ন কর্মপদ্ধা নির্ধারণ, কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা; এবং
- ৫। প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যবালী সম্পাদন।

#### ধারা নং-১৩: কার্যনির্বাহী পরিষদের সদস্যদের দায়িত্ব ও কর্তব্য

##### সভাপতি

- ক) তিনি ক্লাবের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করবেন;
- খ) তিনি সকল সভায় সভাপতিত্ব করবেন;
- গ) তার স্বাক্ষরে সকল পরিষদের সভার সিদ্ধান্তসমূহ প্রচারিত হবে;
- ঘ) যে কোন বিষয়ে সিদ্ধান্ত প্রস্তাবে সমসংখ্যক সমর্থনের ক্ষেত্রে নির্ণয়ক ভোটের মাধ্যমে চূড়ান্ত নিষ্পত্তি করতে পারবেন;
- ঙ) তিনি সংস্থার পক্ষে যাবতীয় চুক্তিপত্র স্বাক্ষর করবেন;
- চ) তিনি সাধারণ সম্পাদকের সঙ্গে যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করবেন;
- ছ) তিনি ক্লাবের পক্ষে বিভিন্ন দণ্ডে যোগাযোগের কার্য সম্পাদন করবেন; এবং
- জ) তিনি ক্লাবের তাৎক্ষণিক প্রয়োজনীয় কার্যবালী সম্পাদনের ব্যবস্থা নিবেন।

##### সহ-সভাপতি

- ক) তিনি যাবতীয় কাজে সভাপতিকে সহযোগিতা করবেন; এবং
- খ) সভাপতির অনুপস্থিতিতে তিনি সভাপতির সকল দায়িত্ব পালন করবেন। তবে ব্যাংক হিসাব পরিচালনা করতে পারবেন না।

##### সাধারণ সম্পাদক

- ক) তিনি ক্লাবের সাচিবিক দায়িত্ব পালন করবেন;
- খ) তিনি ক্লাবের কার্যক্রম বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করবেন;
- গ) ক্লাবের যাবতীয় রেকর্ড পত্রাদি, দলিল সংরক্ষণ এবং সম্পদের তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন;
- ঘ) বার্ষিক বাজেট ও কার্যবিবরণী তৈরি করবেন;
- ঙ) তিনি সভাপতির অনুমতিক্রমে উভয় পরিষদের সভা আহবান করবেন;
- চ) তিনি কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে কর্মকর্তা, কর্মচারী নিয়োগ, পদত্যাগ, পুনর্বাহল, বরখাস্ত, চাকুরীর শর্তাবলী, দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করবেন;
- ছ) তিনি ক্লাবের প্রধান সমন্বয়কারী হবেন; এবং
- জ) তিনি সভাপতির সঙ্গে যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করবেন।

##### যুগ্ম-সম্পাদক

- ক) তিনি সকল কাজে সাধারণ সম্পাদককে সহযোগিতা করবেন;
- খ) সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তিনি সাধারণ সম্পাদকের সকল দায়িত্ব পালন করবেন তবে ব্যাংক হিসাব পরিচালনা করতে পারবেন না; এবং
- গ) অন্য কোন সম্পাদকের পদ শূন্যতা জনিত কারণে অন্তর্ভুক্তালীন সময়ের জন্য উক্ত দায়িত্ব পালন করবেন।

১৮/১৩১

### কোষাধ্যক্ষ

- ক) অর্থ সংক্রান্ত নথিপত্র ভাউচারাদি সংরক্ষণ করবেন;
- খ) সকল অর্থ বিষয়ের মাধ্যমে গ্রহণ করবেন এবং প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে জমা করবেন;
- গ) বার্ষিক বাজেট ও বার্ষিক হিসাব বিবরণী তৈরি করতে সাধারণ সম্পাদককে সহযোগিতা করবেন;
- ঘ) কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত পরিমাণ অর্থ নগদ হিসাবে সংরক্ষণ করতে পারবেন; এবং
- ঙ) তিনি অর্থ সংক্রান্ত বিষয়ে কার্যনির্বাহী পরিষদে ব্যাখ্যা প্রদান করবেন।

### দপ্তর সম্পাদক

- ক) তিনি দপ্তর পরিচালনার জন্য দায়ী থাকবেন;
- খ) তিনি সাধারণ সভা ও কার্যনির্বাহী সভার গুরুত্বপূর্ণ আলোচনা ও সিদ্ধান্ত নোট করবেন এবং কার্যবিবরণী তৈরিতে সাধারণ সম্পাদক-কে সহযোগিতা করবেন;
- গ) তিনি দাপ্তরিক সকল খাতাপত্র, রেকর্ড ও রেজিস্টার সংরক্ষণ করবেন; এবং
- ঘ) দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম তত্ত্বাবধান করবেন।

### প্রচার ও প্রকাশনা সম্পাদক

- ক) তিনি ক্লাবের বিভিন্ন প্রকার প্রচার কার্যক্রম এবং প্রকাশনার দায়িত্ব পালন করবেন; এবং
- খ) বিভিন্ন প্রকাশনা কাজে সভাপতি ও সাধারণ সম্পাদককে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবেন।

### সম্পাদক (পদার্থ বিজ্ঞান/গণিত/রসায়ন/জীব বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/ভূগোল/স্বাস্থ্য সেবা/কৃষি, সাংস্কৃতিক ও কল্যাণ)

- ক) স্ব-স্ব ইউনিটের ব্যবস্থাপনায় সার্বিক দায়িত্ব পালন করবেন;
- খ) তিনি বিজ্ঞান বিষয়ক উৎসাহ সৃষ্টিতে কর্মসূচি প্রয়োন ও উপস্থাপনের দায়িত্ব পালন করবেন; এবং
- গ) গঠনতন্ত্রের ৪ ধারায় বর্ণিত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে সাধারণ সম্পাদককে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সহযোগিতা করবেন।

### কার্যনির্বাহী সদস্য

- ক) কার্যনির্বাহী পরিষদের সকল কার্যক্রমে সহযোগিতা করবেন; এবং
- খ) কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

### ধারা নং-১৪: সভা আহ্বান

- ক) ১৫(পেরে) দিনের বিজ্ঞপ্তিতে সাধারণ পরিষদের সভা এবং নির্বাহী পরিষদের সভা ০৭ (সাত) দিনের বিজ্ঞপ্তিতে আহ্বান করা যাবে;
- খ) জরুরী সভা সাধারণ পরিষদের ক্ষেত্রে ০৭(সাত) দিন এবং নির্বাহী পরিষদের ক্ষেত্রে ০৩ (তিনি) দিনের বিজ্ঞপ্তিতে আহ্বান করা যাবে; এবং
- গ) অতি জরুরী সভা সাধারণ পরিষদের ক্ষেত্রে ০৩(তিনি) দিন এবং কার্যনির্বাহী পরিষদের ক্ষেত্রে ২৪ (চারিশ) ঘন্টার নোটিশে আহ্বান করা যাবে।

### ধারা নং-১৫: সভার কোরাম

এক-পঞ্চমাংশ সদস্যের উপস্থিতিতে ঐ পরিষদের সভার কোরাম পূর্ণ হবে।

### ধারা নং-১৬: মূলত্বী সভা

মূলত্বী সভার ক্ষেত্রে সভাপতি সে সভাতেই অথবা পরবর্তীতে নোটিশের মাধ্যমে সভার তারিখ জানিয়ে দিবেন। মূলত্বী সভায় পূর্ববর্তী আলোচ্য বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হবে এবং কোরামের প্রয়োজন হবে না।

### ধারা নং-১৭: তলবী সভা

দীর্ঘদিন যাবৎ সভাপতি বা সাধারণ সম্পাদক ইচ্ছাকৃতভাবে সভা আহ্বান না করলে কিংবা সাধারণ সম্পাদকের কোন কাজে ক্লাবের ক্ষতির সত্ত্বাবনা সৃষ্টি হলে সংস্থার ১/৩ অংশ সাধারণ পরিষদের সদস্য লিখিতভাবে প্রথমে সাধারণ সম্পাদকের বরাবরে সাধারণ পরিষদের সভা আহ্বানের জন্য অনুরোধ জানাবেন। আবেদনের ০৭ (সাত) দিনের মধ্যে সাধারণ সম্পাদক সভা আহ্বানে ব্যর্থ হলে অনুরূপভাবে সভাপতি বরাবরে আবেদন করতে হবে। আবেদনের ০৭ (সাত) দিনের মধ্যে সভাপতি সভা আহ্বানে ব্যর্থ হলে আবেদনকারীগণ একজনকে আহ্বায়ক করে সাধারণ পরিষদের সভা আহ্বান করতে পারবেন। এ ক্ষেত্রে

মোট আংশ কুদুস দেওয়ালসাধারণ পরিষদের ২/৩ অংশ সদস্যের সমর্থনে গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

#### ধারা নং-১৮: নির্বাচন বিধি

কার্যনির্বাহী পরিষদের মেয়াদ শেষ হওয়ার ০৩(তিনি) মাস আগে কার্যনির্বাহী পরিষদের সভা আহ্বান করতে হবে এবং ঐ সভায় নির্বাচন পরিচালনার জন্য সদস্যগণের একজনকে প্রধান করে ০৩(তিনি) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করতে হবে। নির্বাচনের প্রতিদ্বন্দ্বী কোন প্রার্থী এর সদস্য হতে পারবেন না। তবে প্রথম কার্যনির্বাহী কমিটির সকল সদস্য উপজেলা নির্বাহী অফিসার তথ্য উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সভাপতি কর্তৃক মনোনয়নের ভিত্তিতে গঠিত হবে। প্রথম কার্যনির্বাহী পরিষদ গঠনতত্ত্ব মোতাবেক সাধারণ পরিষদ গঠন করবেন।

#### ধারা নং-১৯: নির্বাচন কমিশনের দায়িত্ব

- ক) ভোটার তালিকা প্রণয়ন ও হালনাগাদ করা, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা;
- খ) নির্বাচনের তফসিল প্রণয়ন ও প্রকাশ করা;
- গ) গোপন ভোটের মাধ্যমে ভোট প্রহরণ ও ফলাফল প্রকাশ করা; এবং
- ঘ) নির্বাচনের চূড়ান্ত ফলাফল ঘোষণার সাথে সাথে নির্বাচন কমিশনের বিলুপ্তি ঘটবে।

#### ধারা নং-২০: নির্বাচনী আপিল

- (১) ভোটার তালিকা প্রণয়ন, মনোনয়নপত্র বাছাই, নির্বাচন অনুষ্ঠান বা নির্বাচনী ফলাফল বিষয়ে কোন সংক্ষুক্ত পক্ষ সংশ্লিষ্ট কার্যক্রম নিষ্পত্তের ৩(তিনি) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আপিল করতে পারবে। উপজেলা নির্বাহী অফিসার আপিল আবেদন প্রাপ্তির ৩(তিনি) কার্যদিবসের মধ্যে পক্ষদের শুনানী নিয়ে আপিল নিষ্পত্তি করবেন।
- (২) উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্তে কোন পক্ষ সংক্ষুক্ত হলে সিদ্ধান্ত প্রদানের ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্তের প্রত্যায়িত নকলসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট আপিল দায়ের করা যাবে এবং জেলা প্রশাসক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পক্ষদের শুনানী গ্রহণ করে তার সিদ্ধান্ত প্রদান করবেন। জেলা প্রশাসকের সিদ্ধান্তই নির্বাচনী কার্যক্রম বিষয়ে চূড়ান্ত বলে গণ্য হবে।

#### ধারা নং-২১: ভোটার:

সকল সাধারণ ও আজীবন সদস্য এবং তালিকাভুক্ত বিজ্ঞান ক্লাবের প্রতিনিধি সদস্য ভোটার হিসেবে বিবেচিত হবেন। তবে সদস্য পদের মেয়াদ তফসিল ঘোষণার তারিখে ০৬(ছয়) মাস পূর্ণ না হলে অথবা নির্বাচন তফসিল ঘোষণার পূর্ব পর্যন্ত সদস্য চাঁদা পরিশোধ না করলে ভোটার হিসেবে গণ্য হবে না।

#### ধারা নং-২২: এডহক কমিটি

নির্বাচিত কার্যনির্বাহী পরিষদ গঠন না হওয়া পর্যন্ত অথবা কোন কারণে কার্যনির্বাহী পরিষদের মেয়াদ শেষ হলে বা অন্য কোন কারণে বিশেষ প্রয়োজনে প্রয়োজনীয় ক্ষেত্রে ক্লাবের কার্যক্রম পরিচালনার জন্য সাধারণ সদস্যগণের মধ্য থেকে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক এডহক কমিটি গঠিত হবে এবং উক্ত কমিটি যতদ্রুত সভা গঠনতত্ত্ব অনুযায়ী নির্বাচন সম্পন্ন করে নির্বাচিত কার্যনির্বাহী কমিটির নিকট দায়িত্ব অর্পণ করবেন।

#### ধারা নং-২৩: আর্থিক বছর গণনা

০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রতিষ্ঠানের আর্থিক বছর গণনা করা হবে।

#### ধারা নং-২৪: সদস্য ভর্তি ও মাসিক চাঁদা ইত্যাদি নির্ধারণ

সদস্য ভর্তি ফি, মাসিক চাঁদা, আজীবন সদস্য ফি ও অন্যান্য ফি ও চাঁদা ক্লাবের কার্যনির্বাহী পরিষদ নির্ধারণ করবেন এবং সময়ে সময়ে প্রয়োজনে উক্ত ফি-সমূহ পুনঃনির্ধারণের ব্যবস্থা করবেন।

#### ধারা নং-২৫: তহবিলের উৎস

- ক) সদস্যদের ভর্তি ফি, মাসিক চাঁদা ও অনুদান ইত্যাদি; এবং
- খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেচাসেবী সংস্থা, ব্যক্তি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নিকট থেকে প্রাপ্ত বৈজ্ঞানিক উপকরণ ও আর্থিক অনুদান।

#### ধারা নং-২৬: তহবিল সংরক্ষণ ও ব্যাংক হিসাব পরিচালনা

- ক) প্রতিষ্ঠানের সমূদয় অর্থ স্থানীয় যে কোন সিডিউল ব্যাংকে প্রতিষ্ঠানের নামে হিসাব খুলে জমা রাখতে হবে;
- খ) সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে; এবং
- গ) কোণাধ্যক্ষ চেকবই সংরক্ষণসহ ব্যাংক হিসাব তদারকি করবেন।

১৮-১০-২০১৬

### ধারা নং-২৭: হিসাব নিরীক্ষা:

প্রতি বছরের আয়-ব্যয়ের হিসাব উপযুক্ত প্রতিঠান দ্বারা নিরীক্ষা করাতে হবে।

### ধারা নং-২৮: কার্যনির্বাহী পরিষদের শূল্য পদ পূরণ

কোন কারণে কার্যনির্বাহী পরিষদের কোন পদ শূল্য হলে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তের মাধ্যমে শূল্য পদ পূরণ করা যাবে।

### ধারা নং-২৯: কর্মকর্তা/কর্মচারী নিয়োগ

প্রযোজনীয় ক্ষেত্রে কার্যনির্বাহী পরিষদ উপযুক্ত যাচাই পূর্বক সংস্থার কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করতে পারবে। কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত যোতাবেক সভাপতি নিয়োগাদেশ জারী করবেন এবং নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর বেতন/ভাতা নির্ধারণ করবেন।

### ধারা নং-৩০: গঠনতত্ত্ব সংশোধন পদ্ধতি

অত্র সংস্থার গঠনতত্ত্বের ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, বাতিল ও সংযোজনে কার্যনির্বাহী পরিষদের সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদনের পর সাধারণ পরিষদের উপস্থিত সদস্যগণের ২/৩ অংশের সদস্যের সমর্থিত সিদ্ধান্তে এবং রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তা কার্যকরী হবে।

### ধারা নং-৩১: প্রচলিত বিধি-বিধান অনুসরণ

ক্লাবের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এই গঠনতত্ত্বে যে সকল বিষয় বিবৃত হয়নি সে সকল বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন ও বিধি-বিধান কার্যকর হবে।

### ধারা নং-৩২: নিবন্ধন

ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর থেকে আনুষ্ঠানিক নিবন্ধন গ্রহণ করবে এবং উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সদস্যাপদ গ্রহণ করে ‘শাখা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব’ হিসেবে নিবন্ধিত হবে। অন্যান্য বিজ্ঞান ক্লাবকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর থেকে নিবন্ধন গ্রহণ করতে উৎসাহিত করবে।

### ধারা নং-৩৩: পরিদর্শন

জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব বা তাদের প্রতিনিধি ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের কার্যক্রম যথাক্রমে ত্রৈমাসিক, ধার্মাদিক ও বার্ষিকভাবে পরিদর্শন করবে এবং পরিদর্শন প্রতিবেদন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করবে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মাধ্যমে প্রেরিত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব বাস্তবায়ন করবে।

এ গঠনতত্ত্ব ...../...../২০১ ইং তারিখে সাধারণ পরিষদের অবিবেশনে সর্বসমত্বাবে অনুমোদিত হয়েছে।

স্বাক্ষর:.....  
নাম :.....

সাধারণ সম্পাদক  
ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব

.....ইউনিয়ন

স্বাক্ষর:.....  
নাম :.....

সভাপতি  
ইউনিয়ন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব

.....ইউনিয়ন

মোঃ আওঁ কুমুস দেওয়াল্লো

উপসচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৮/১০/১০৮